


**জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব দেবশীষ চৌধুরী  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর  
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (কক্ষন-১)  
তারিখ : ০৩ আগস্ট ২০২২ খ্রি.  
সময় : বিকাল ০৪.০০ ঘটিকা

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) কর্তৃক বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যবৃন্দকে পাঠ করে শোনানো হয় এবং সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর নিম্নলিখিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	উপজেলা পর্যায়ে ইনোভেশন টিমের সভা এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ	উপজেলা ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে প্রতিমাসে সভা আয়োজন করে তার কার্যবিবরণী এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের গৃহীত উদ্ভাবনী উদ্যোগ থেকে ০১ (এক)টি নতুন উদ্ভাবনী উদ্যোগ জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	সকল উপজেলায় যথাসময়ে উপজেলা ইনোভেশন টিমের সভা করে তার কার্যবিবরণী এবং উপজেলার মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গৃহীত উদ্ভাবনী উদ্যোগ থেকে ০১ (এক)টি নতুন উদ্ভাবনী উদ্যোগ জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর
০২.	সরকারী দপ্তরে নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ	উদ্ভাবনী চিন্তার বিকাশের মাধ্যমে সরকারি দপ্তরে সেবাসমূহকে কিভাবে অল্প খরচে, সহজে ও দ্রুত সময়ে সেবা গ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় এবং জেলার সকল সরকারি দপ্তর থেকে ০১ (এক) টি নতুন উদ্ভাবনী উদ্যোগ জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর থেকে সরকারি সেবা অল্প খরচে, সহজে এবং দ্রুত সময়ে সেবা গ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে বিষয়ে ০১ (এক) টি নতুন উদ্ভাবনী উদ্যোগ জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের প্রধানকে অনুরোধ জানানো হয়।	জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর প্রধান, দিনাজপুর
০৩.	শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন	সভায় এ জেলার সকল সরকারি দপ্তর ও উপজেলা থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগগুলোর মধ্যে থেকে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের বিষয়ে আলোচনা হয়।	এ জেলার সকল সরকারি দপ্তর ও উপজেলা থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগগুলোর মধ্য থেকে ০৩ (তিন) টি উদ্ভাবনী উদ্যোগকে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করে তাদেরকে পুরস্কৃত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) দিনাজপুর

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
১১/৮/২০২২

(দেবশীষ চৌধুরী)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
দিনাজপুর।

☎০২৫৮৯৯২৩৬৬০

[adceduictdinajpur@mopa.gov.bd](mailto:adceduictdinajpur@mopa.gov.bd)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।  
(আইসিটি শাখা)  
[www.dinajpur.gov.bd](http://www.dinajpur.gov.bd)

স্মারক নং-০৫.৫৫.২৭০০.০২৫.০০.০৪০.২২- ৮৭ (৭১০)

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪২৯  
১১ আগস্ট ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা-১২০৭।
- ০২। প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা-১২০৭।
- ০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৪। সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান, সিআইটি বিভাগ, হাবিপ্রবি, দিনাজপুর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার,..... (সকল), দিনাজপুর।
- ০৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপুর্ত বিভাগ-১, দিনাজপুর।
- ০৭। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ০৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর।
- ১০। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১১। .....
- .....
- ....., দিনাজপুর।

  
১১/৮/২০২২  
(দেবশীষ চৌধুরী)  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
দিনাজপুর।